তিন দিনের রাষ্ট্রীয় সফর শেষে ঢাকা ছাড়লেন ভুটানের প্রধানমন্ত্রী



সংগৃহীত ছবি

তিনদিনের রাষ্ট্রীয় সফর শেষে ভুটানের প্রধানমন্ত্রী শেরিং তোবগে সোমবার (২৪ নভেম্বর) সকালে ঢাকা ত্যাগ করেছেন। বিমানবন্দরে তাকে বিদায় জানান পররাষ্ট্র উপদেষ্টা মো. তৌহিদ হোসেন ও বাণিজ্য উপদেষ্টা শেখ বশিরউদ্দিন।

সফরের প্রথম দিনে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে প্রধান উপদেষ্টা তাকে স্বাগত জানান এবং গার্ড অব অনার প্রদান করা হয়। সফরের অংশ হিসেবে তিনি সাভারের জাতীয় স্মৃতিসৌধে গিয়ে শহীদদের প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করেন এবং একটি গাছের চারা রোপণ করেন।

ভুটানের প্রধানমন্ত্রীর সফরের সময়ে রাষ্ট্রপতি মোহাম্মদ সাহাবুদ্দিনের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ অনুষ্ঠিত হয়। এছাড়া পররাষ্ট্র উপদেষ্টা ও বাণিজ্য উপদেষ্টা আলাদাভাবে তার সঙ্গে বৈঠক করেন। শনিবার প্রধান উপদেষ্টার সঙ্গে অনুষ্ঠিত বৈঠকে দ্বিপাক্ষিক সম্পর্কের সমগ্র চিত্র পর্যালোচনা করা হয়, যেখানে বাণিজ্য, সংযোগ, অর্থনৈতিক সহযোগিতা এবং জনগণের মধ্যে সম্পর্ক দৃঢ় করার বিষয়গুলোর ওপর বিশেষ গুরুত্ব দেওয়া হয়।

সফরে ভুটানের পররাষ্ট্রমন্ত্রী লিয়নপো ডি এন ধুঙ্গিয়েল, শিল্প ও বাণিজ্যমন্ত্রী লিয়নপো নামগিয়াল দরজি এবং ঊর্ধ্বতন কর্মকর্তারা সঙ্গে ছিলেন।